



নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯.৮১১

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০
১৪ মে ২০২৩


প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: চলতি ২০২২-২৩ অর্থ বছরের বাজেটের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'চলমান অডিটরিয়াম/ ডাকবাংলো নির্মাণ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।

জেলা পরিষদ, গোপালগঞ্জ এর অধিক্ষেত্রে, নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নির্দেশনা মোতাবেক চলতি ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং-২২১০০০৬০০) 'চলমান অডিটরিয়াম/ ডাকবাংলো নির্মাণ' শীর্ষক উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে উক্ত জেলা পরিষদের অনুকূলে ২০০.০০ লক্ষ (দুই কোটি) টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

ক্র:	প্রকল্পের নাম	বরাদ্দকৃত অর্থ (লক্ষ টাকায়)
১.	গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়াছ জেলা পরিষদ অডিটরিয়াম ও রেড্রোফিটিং এরং রেনোভেশন কাজ	২০০.০০ (দুই কোটি)

- এ ব্যয় চলতি ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।
- অর্থ বিভাগের গত ০৪ আগস্ট ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩৫৪ নং স্মারক, ১৩ ডিসেম্বর ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪৭১ নং স্মারক, ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩৫ নং স্মারক এবং ১০ এপ্রিল ২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-১৫৩ স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:
 - উক্ত নির্মাণ/ সংস্কার কাজের ডিজাইন ও প্রাক্কলন ইত্যপূর্বে স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদিত না হয়ে থাকলে, তা প্রেরণপূর্বক অনুমোদন গ্রহণ করতে হবে।
 - ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে।
 - ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।
- নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।


মোহাম্মদ সামছুল হক
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮


ই-মেইল: lgzp@lgd.gov.bd

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০
১৪ মে ২০২৩

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯.৮১১/১(২০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দু. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা)
- সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গোপালগঞ্জ
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ জেলা
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)


মোহাম্মদ সামছুল হক
উপসচিব